চট্টগ্রামে সন্ধ্যার পর থেকে সব ধরনের দোকানপাট বন্ধের নির্দেশ

চেম্বার ডেস্ক:: করোনাভাইরাসের সংক্রমণ বেড়ে যাওয়ায় চট্টগ্রামে সন্ধ্যার পর থেকে সব ধরনের দোকানপাট বন্ধের নির্দেশ দেয়া হয়েছে।

শুক্রবার বিকেলে জেলা প্রশাসক মোহাম্মদ মমিনুর রহমান এ নির্দেশ দেন। তবে ওষুধের দোকান ও কাঁচাবাজার এই নির্দেশনার বাইরে থাকবে।

জেলা প্রশাসক মোহাম্মদ মমিনুর রহমান জানান, আজ থেকে ১৪ এপ্রিল পর্যন্ত প্রতিদিন সন্ধ্যা ৬টা থেকে চট্টগ্রাম নগরীতে ওষুধের দোকান ও কাঁচাবাজার ছাড়া রেস্টুরেন্ট, শপিং সেন্টারসহ সব ধরনের দোকানপাট বন্ধ রাখতে হবে।

তিনি আরও জানান, দোকানপাট বন্ধ রাখার সিদ্ধান্ত কঠোরভাবে বাস্তবায়ন করা হবে। প্রাথমিকভাবে চট্টগ্রাম মহানগরী এলাকায় এ বিধিনিষেধ প্রযোজ্য। তবে অচিরেই পুরো জেলায় এই সিদ্ধান্ত কার্যকর করা হবে। বিষয়টি মনিটরিং করতে জেলা প্রশাসনের চারটি ভ্রাম্যমাণ আদালত ইতোমধ্যে মাঠে নামানো হয়েছে। নির্দেশনা অমান্য করলে শাস্তি দেওয়া হবে।